

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা ভবন
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৮.০০৩.১৪. ২৬৭

তারিখ: ০৭ ভাদ্র ১৪২২
২৪ আগস্ট ২০১৫

পরিপত্র

বিষয়: নিয়মিত ওয়েব সাইট ও ওয়েব মেইল একাউন্ট পরীক্ষা (Check) এবং আবশ্যিকভাবে সফটকপি প্রেরণ।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের সহায়তায় জাতীয় তথ্য বাতায়নের অধীনে সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইট (www.dss.gov.bd) তৈরি করা হয়েছে। এছাড়া, তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ই-মেইল ব্যবহার বিষয়ে সচিবালয় নির্দেশমালা, ২০১৪ –এর ১৫(৩) অনুচ্ছেদে সুস্পষ্ট নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর সহায়তায় সমাজসেবা অধিদফতরের ওয়েব মেইল (<https://mail.dss.gov.bd>) সার্ভিস আরও উন্নত করা হয়েছে। অধিদফতরের ওয়েব মেইল ব্যবহার সংক্রান্ত কোড অব কন্টাক্ট এবং ওয়েব মেইল ডিরেক্টরি সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইটে পাওয়া যাবে।

২। এমতাবস্থায়, অধিদফতরের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও ই-সার্ভিস কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- ক. অধিদফতর ও মাঠপর্যায়ে কর্মরত সকল কর্মকর্তাকে প্রত্যহ নিয়মিতভাবে অধিদফতরের ওয়েব সাইট ভিজিট করতে হবে।
- খ. অধিশাখা/শাখা/সেল/প্রকল্প/কর্মসূচি প্রধানগণ তাৎক্ষণিকভাবে(প্রয়োজনে)/মাসিক ভিত্তিতে ওয়েব সাইটে সংশ্লিষ্ট স্ব স্ব অংশ হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় তথ্যের সফট কপি উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ), সমাজসেবা অধিদফতর, ঢাকা বরাবর প্রেরণ করবেন। যেমন: প্রজ্ঞাপন (কর্মকর্তার নিয়োগ/বদলি/পদোন্নতি), সরকারি পত্র (অর্থ বরাদ্দ/ছাড়), অফিস আদেশ (কর্মচারীর নিয়োগ/বদলি/পদোন্নতি ইত্যাদি), পরিপত্র, সভার বিজ্ঞপ্তি, প্রকিউরমেন্ট সম্পর্কিত, কার্যক্রম/কর্মসূচি/প্রকল্পের বিভিন্ন তথ্য সংক্রান্ত এবং তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর আওতায় জারিকৃত বিধিমালা ও প্রবিধানমালার নির্দেশনার প্রেক্ষিতে প্রকাশিতব্য তথ্যাদি প্রভৃতি;
- গ. প্রত্যহ নিয়মিতভাবে প্রত্যেক কর্মকর্তাকে স্ব স্ব ই-মেইল পরীক্ষা (Check) এবং তা অনুসরণ করতে হবে;
- ঘ. চিঠিপত্রে স্বাক্ষরকারী কর্মকর্তাকে স্বীয় স্বাক্ষরের নিচে ফোন ও ফ্যাক্স (যদি থাকে) নম্বরের সহিত আবশ্যিকভাবে অধিদফতরের ডোমেইনভুক্ত ই-মেইল ঠিকানাও প্রদান করতে হবে;
- ঙ. সকল হার্ডকপি (চিঠিপত্র/তথ্য/প্রতিবেদন/মতামত প্রভৃতি) প্রেরণের পাশাপাশি তার স্বাক্ষরিত Scan Copy ও (সফটকপি: প্রয়োজ্য ক্ষেত্রে .pdf/.jpg/.doc/.xls প্রভৃতি) আবশ্যিকভাবে ই-মেইলে প্রেরণ করতে হবে;
- চ. সমাজসেবা অধিদফতরাদীন সকল অধিশাখা/প্রকল্প/কর্মসূচি/কার্যালয়/প্রতিষ্ঠান/শাখা/সেল প্রধানগণ বিষয়টি ব্যক্তিগতভাবে মনিটরিং করে ওয়েব সাইট ও ই-মেইলের ব্যবহার নিশ্চিত করবেন।

৩। উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ওয়েব মেইলের পাসওয়ার্ড।

গাজী মোহাম্মদ নূরুল কবির
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন: ৯১৩১৯৬৬
ফ্যাক্স: ৯১৩৮৩৭৫
ই-মেইল: dg@dss.gov.bd

বিতরণ:
কার্যার্থে:

১. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
২. জাতীয় প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/কর্মসূচি সমন্বয়ক, (সকল),
... .., সমাজসেবা অধিদফতর, ঢাকা, পত্রটি তাঁর দফতরাদীন সংযুক্ত সকল কর্মকর্তাকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
৩. অতিরিক্ত পরিচালক (প্রতিষ্ঠান/কার্যক্রম-১/২/পরিকল্পনা ও উন্নয়ন), সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৪. অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
৫. উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), সমাজসেবা অধিদফতর, ঢাকা, পত্রটি জেলা পর্যায়ের সকল প্রকল্প পরিচালককে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
৬. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমী, সমাজসেবা অধিদফতর, ঢাকা, পত্রটি তাঁর দফতরাধীন সকল কর্মকর্তাকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
৭. উপপরিচালক/সমমান (সকল),, সমাজসেবা অধিদফতর, ঢাকা/ইআরসিপিএইচ, টঙ্গী, গাজীপুর, পত্রটি তাঁর শাখা/কার্যালয়ের সকল কর্মকর্তাকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল জেলা),, পত্রটি তাঁর জেলাধীন সকল কার্যালয়ের/প্রতিষ্ঠানের কর্মকর্তাকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
৯. উপপরিচালক/সহকারী পরিচালক (সকল), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র/কিশোর/কিশোরী উন্নয়ন কেন্দ্র/ প্রতিষ্ঠান প্রধান (সকল),
... ..
... .. সমাজসেবা অধিদফতর, পত্রটি তাঁর কার্যালয়ের/প্রতিষ্ঠানের সকল কর্মকর্তাকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
১০. সমাজসেবা অফিসার (সমমান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
১১. জনাব/বেগম

জ্ঞাতার্থে:

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০